

লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি  
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)  
লক্ষ্মীপুর।



টেলিফোন নং-০৩৮১-৬২৫৯৫, অভিযোগ কেন্দ্র : ০৩৮১-৬২৫৬৭, ফ্যাক্স নং-০৩৮১-৬১০৯৭, ই-মেইল-pbslcp@yahoo.com

স্মারক নং- ২৭.১২. ৫১৪৩. ৫৩৮.০০১.০৩.২০২৩.

৩০৭৪

তারিখঃ

১৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
৩০ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**“ আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি ”**

লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির আইনগত পরামর্শ ও মামলা মোকদ্দমা পরিচালনার জন্য নিম্নবর্ণিত বিবরণ ও শর্তাবলী অনুযায়ী যোগ্যতা সম্পন্ন একজন আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিচের ছকে চাহিত তথ্য সহ সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

(ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) (বাংলা ও ইংরেজী)	:	
	:	
(খ) আবেদনকারীর পিতার নাম	:	
(গ) আবেদনকারীর মাতার নাম	:	
(ঘ) বর্তমান ঠিকানাঃ	:	
(ঙ) স্থায়ী ঠিকানাঃ	:	
(চ) অ্যাডভোকেট হিসাবে এনরোলমেন্টের তারিখঃ	:	
(ছ) আইন পেশার সময়কালঃ	:	
(১) জেলা কোর্ট		
(২) জজ কোর্ট		
(৩) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপিল বিভাগ		
(জ) আইন উপদেষ্টা/ প্যানেল আইনজীবী হিসাবে পূর্ব অভিজ্ঞতাঃ	:	
(ঝ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত অথবা অন্য কোন সংস্থায় বর্তমানে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তাহার বিস্তারিত বর্ণনাঃ	:	

শর্তাবলীঃ-

- ১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ২। শুধুমাত্র লক্ষ্মীপুর জেলায় আইন পেশায় (দেওয়ানী ও ফৌজদারী) নিয়োজিত অবসর প্রাপ্ত জজ সহ যারা বিজ্ঞ জেলা/উপজেলা/সহকারী জজ আদালতে অন্ততঃ ০৮(আট) বৎসর যাবৎ আইন পেশায় নিয়োজিত আছেন কেবল তাঁরাই আবেদন করতে পারবেন।
- ৩। প্রার্থীকে আইন পাশ সনদের সত্যায়িত ফটোকপি এবং বার কাউন্সিলে এনরোলমেন্টের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ৪। বর্ণিত পদে ০৩(তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ দেওয়া হবে।
- ৫। রিটেইনার ফি বাবদ মাসিক ৫০০০/(পাঁচ হাজার) টাকা এবং মামলা পরিচালনার অন্যান্য ফি পবিস নির্দেশিকা মোতাবেক বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে কেস ভিত্তিক পরিশোধ করা হবে।
- ৬। একই সময়ে একের অধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে কেউ আইন উপদেষ্টা পদে কাজ করতে পারবেন না। অন্য কোনো পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।


অঃ পৃঃ দঃ

: ২ :

- ৭। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালক এর স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।
- ৮। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন সময়ে উভয় পক্ষ ৩০ দিনের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।
- ৯। উল্লিখিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

উল্লিখিত শর্তাবলীর আলোকে আবেদন করতে আগ্রহী আইনজীবীগনকে শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্র, আইন পাশের সনদ পত্র, বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত তালিকাভুক্তির সনদপত্র, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি ও চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে। সকল ফটোকপি অবশ্যই নাম সম্বলিত প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।


আগ্রহী আইনজীবীগনকে উল্লিখিত কাগজপত্র সহ আবেদন পত্র আগামী ১৫/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরনের জন্য অনুরোধ করা হলো। অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচনা করা হবে না।

  
(মোঃ জাকির হোসেন)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধ সহ প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) )

- ১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/ পবিস মনিঃও ব্যঃ পরিঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ৪। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
- ৫। বিজ্ঞ জেলা ও দায়রা জজ, লক্ষ্মীপুর।
- ৬। সভাপতি/সম্পাদক, বার কাউন্সিল, লক্ষ্মীপুর।
- ৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪
- ৮। সভাপতি/সচিব লক্ষ্মীপুর আইনজীবী সমিতি, লক্ষ্মীপুর।
- ৯। ডিজিএম (কারিগরি)/রামগঞ্জ/রায়পুর/রামগতি/কমলনগর/ভবানীগঞ্জ/চন্দ্রগঞ্জ জোনাল অফিস, লপবিস।
- ১০। এজিএম (প্রশাসন)/ (অর্থ-হিসাব/রাজস্ব)/(ওএন্ডএম)/(ইএন্ডসি)/(সদস্য সেবা)/(আইটি) লপবিস।
- ১১। জুনিয়র ইঞ্জিনিয়ার-ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে।
- ১২। নোটিশ বোর্ড, লপবিস।
- ১৩। অফিস কপি/মাস্টার কপি।

  
(মোঃ জাকির হোসেন)

সিনিয়র জেনারেল ম্যানেজার

